



Bodystretch Bangladesh Ltd.

অংশগ্রহণকারী কমিটি নির্বাচন উপলক্ষ্যে প্রার্থীর নির্বাচনী প্রচারণার আচরনবিধি (COC)

(নির্বাচন পরিচালনা কমিটি কর্তৃক প্রচারিত)

- কোন প্রার্থী নির্বাচনী তফসিলে ঘোষিত তারিখ ব্যতীত অন্য কোন সময়ে প্রচার প্রচারণা চালাতে পারবেনা।
- কোন প্রার্থী তার দৈনন্দিন কাজের ক্ষতি করে কোন প্রকার প্রচারণা চালাতে পারবেনা।
- নির্বাচনে প্রার্থীগণ প্রচারণার জন্য কি ধরণের উপকরণ, কোথায় কোথায় ব্যবহার করতে পারবে, কি পারবেনা, এ ব্যাপারে নির্বাচন পরিচালনা কমিটি যথাযোগ্য নোটিশ বা বিজ্ঞপ্তি প্রকাশ করবেন। প্রয়োজনে নির্বাচন পরিচালনা কমিটির পক্ষ থেকে পোস্টার, ছবিসহ বোর্ড বা ব্যানার তৈরী করে প্রচারের ব্যবস্থা করবেন।
- কোনভাবেই কারখানা প্রাঙ্গণের বাইরে কোন প্রকার মিছিল-মিটিং কিংবা নির্বাচনী প্রচারণা চালাতে পারবেনা।
- কোন ব্যবস্থাপনা কর্মকর্তা বা কর্মচারী কোন প্রার্থীর পক্ষে বা বিপক্ষে কোন ধরণের পরোক্ষ বা প্রত্যক্ষ হস্তক্ষেপ করতে পারবেনা এবং কোন নির্বাচনী প্রচারণায় অংশ নিতে পারবেনা।
- নির্বাচনী প্রচারের জন্য যেকোন প্রার্থী তফসিলে ঘোষিত প্রচারণার দিনগুলোতে টিফিন/দুপুরের খাবার বিরতির সময় ব্যবহার করতে পারবেন।
- প্রার্থী কোনভাবেই বহিরাগত কোন ব্যক্তিকে নির্বাচনী প্রচার অথবা নির্বাচন সংশ্লিষ্ট কোন কাজে ব্যবহার করতে পারবেনা।
- কোন প্রার্থী কারখানার স্বাভাবিক কর্মপরিবেশ ব্যাহত করে নির্বাচনী প্রচার করতে পারবেনা।
- নির্বাচন পরিচালনা কমিটি যেকোন সময় প্রচারণা সম্পর্কিত কিংবা বিধিমালা সম্পর্কিত যে কোন সম্পূর্ণক বিজ্ঞপ্তি/নোটিশ যেকোন সময় জারী করতে পারবেন।
- অংশগ্রহণকারী কমিটির নির্বাচন সংক্রান্ত যেকোন বিষয়ে নির্বাচন পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তাছাড়াও পরিবেশ-পরিস্থিতি অনুযায়ী যেকোন সময় নির্বাচন পরিচালনা কমিটি যথাযোগ্য নোটিশ বা বিজ্ঞপ্তি জারী করতে পারবেন।

ধন্যবাদান্তে,

সৌমিয়া শারমিন

প্রধান/আহবায়ক সদস্য সচিব

নির্বাচন পরিচালনা কমিটি

বডিস্ট্রেচ বাংলাদেশ লিমিটেড

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হলঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক
- ২। পরিচালক
- ৩। মহা-ব্যবস্থাপক অপারেশন
- ৪। সকল বিভাগীয় প্রধান
- ৫। নোটিশ বোর্ড
- ৬। সংশ্লিষ্ট নথি
- ৭। যুগ্ম শ্রম পরিচালক

Head Office : Suite # 5-A (5th floor), Plot # 30, Sonargaon Janapath Road, Sector# 11, Uttara, Dhaka-1230, Bangladesh.
Tel : +8802-7914412, +8802-8991729, Fax : +8802-8991029
Factory : Plot # 80, Tengury, Zirani Bazar, P.O : BKSP, P.S. Ashulia, Savar, Dhaka, Bangladesh
E-mail : bangladesh@bodystretch.com <http://www.bodystretch.com>